



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর
শাখা-৪



জাতীয় ক্রীড়া পরিষদ ভবন, লেবেল-১৫, ৬২/৩, পুরানা
পল্টন, ঢাকা-১০০০।

নম্বর ২৬.০৩.০০০০.০০৪.৯৯.০১১.২০.৪৭৭

তারিখ: ২০ ভাদ্র ১৪২৯

০৪ সেপ্টেম্বর ২০২২

বিজ্ঞপ্তি

বিষয়: **Online Licensing Module (OLM)** এর মাধ্যমে ওয়ারেন্টি রিপ্লেসমেন্ট আমদানি পারমিট সেবা প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র দপ্তর হতে প্রদত্ত সেবাসমূহ অনলাইনে প্রদানের লক্ষ্যে বিগত ০১ জুলাই ২০১৯ তারিখ হতে **Online Licensing Module (OLM)** চালু করা হয়েছে। OLM এর মাধ্যমে অত্র দপ্তরের মোট ৫৩টি সেবা বর্তমানে অনলাইনের মাধ্যমে প্রদান করা হচ্ছে।

২। সেবা সহজিকরণের অংশ হিসেবে বর্তমানে আরো ১ টি সেবা **ওয়ারেন্টি রিপ্লেসমেন্ট আমদানি পারমিট সেবা Online Licensing Module (OLM)** এর মাধ্যমে সেবা প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। এমতাবস্থায়, **ওয়ারেন্টি রিপ্লেসমেন্ট আমদানি পারমিট** সংক্রান্ত সেবা অদ্য ০৪ সেপ্টেম্বর, ২০২২ তারিখ হতে অনলাইন সেবা প্রদান পদ্ধতি **Online Licensing Module (OLM)** এর মাধ্যমে প্রদান করা হবে। উক্ত তারিখ হতে উল্লিখিত সেবা আর ই-নথি বা ম্যানুয়াল পদ্ধতিতে প্রদান করা হবে না।

৪। বর্ণিত অবস্থায়, অদ্য ০৪ সেপ্টেম্বর, ২০২২ তারিখ হতে সংশ্লিষ্ট সকল সেবা গ্রহীতাকে **ওয়ারেন্টি রিপ্লেসমেন্ট আমদানি পারমিট** সংক্রান্ত সেবাসহ ৫৩টি (তালিকা সংযুক্ত) সেবা গ্রহণের জন্য **OLM** এর ওয়েবসাইট (www.olm.ccie.gov.bd) ব্যবহার করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে এবং অনুমোদনক্রমে সেবা গ্রাহকের **OLM** আইডিতে স্বয়ংক্রিয়ভাবে অনুমতি (পারমিট) পাওয়া যাবে।

৫। উল্লেখ্য, **OLM** এর মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে সংশ্লিষ্ট কোনরূপ তথ্য সরবরাহের প্রয়োজন হলে অত্র দপ্তরের ওয়েবসাইটে (www.ccie.gov.bd) প্রকাশিত 'সিটিজেন চাটার' এর সহায়তায় কিংবা হেল্প ডেস্ক (টেলিফোন নম্বর: ০২-৪১০৫০৫২২) এর মাধ্যমে সহায়তা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৪-৯-২০২২

মাসুদুল মান্নান

নিয়ন্ত্রক
ফোন: 02-9551556
ফ্যাক্স: 02-9550217
ইমেইল:
controller.chief@ccie.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১) সিনিয়র সচিব/সচিব (সকল)
- ২) গভর্নর বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা- ১০০০।
- ৩) চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪) নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, ই-৬/বি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৫) প্রকল্প পরিচালক (সকল),
- ৬) বিভাগীয় কমিশনার, ঢাকা/খুলনা/সিলেট//বরিশাল/ময়মনসিংহ/রংপুর/চট্টগ্রাম/রাজশাহী
- ৭) জেলা প্রশাসক (সকল)
- ৮) মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯) প্রধান নিয়ন্ত্রক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।
- ১০) মাস্টার ফাইল, শাখা- ৪, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।